

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
বেগমগঞ্জ, নোয়াখালী।

মোবাইলঃ ০১৭৬৯-৪০০০৬২
০১৭৬৯-৪০০৭০১
ফোনঃ ০৩২১- ৫১৫৫৯
দরপত্র দলিল
দরপত্র বিজ্ঞপ্তি

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) কর্তৃক পবিস তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল সরবরাহের নিমিত্তে প্রকৃত প্রস্তুতকারী / সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলগালা সহ সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	প্যাকেজ নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য)	জামানতের পরিমাণ	দরপত্র দলিল বিক্রয়ের স্থান ও সময় সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময় সূচী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১	জি-২১- ২২.০৩১-১০০	অটোমেটিক মুভিং টাইপ হিটিং চেম্বার	১০০০/= (এক হাজার)	১২,০০০.০০ (বারো হাজার)	নোয়াখালী পবিস বেগমগঞ্জ, নোয়াখালী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-১২২৯। ২১/১০/২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হইতে ০১/১১/২০২১ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	গ্রহণ ০২/১১/২০২১ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ৯:০০ থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। খোলাঃ ০২/১১/২০২১ খ্রিঃ তারিখঃ দুপুর ১২:০৫ ঘটিকা

০১. আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।
০২. আগ্রহী দরদাতাগণ নোয়াখালী পবিস এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হইতে বর্ণিত দরপত্রের বিপরীতে নির্ধারিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার / ব্যাংক ড্রাস্ট সংযুক্ত করতঃ নোয়াখালী পবিস- এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা নোয়াখালী পবিস -এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
০৩. উপরে বর্ণিত সময়সীমার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা নোয়াখালী পবিস এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী এই ঠিকানায় দরপত্র পৌঁছাইতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। প্রতিটি দরপত্রের সহিত নোয়াখালী পবিস এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হইতে তালিকার ৫ নং কলামে বর্ণিত পরিমাণ ডিমান্ড ড্রাফট/ পে-অর্ডার (চৌমুহনী, নোয়াখালী এর যে কোন ব্যাংক শাখার উপর) দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। উভয় স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
০৪. দরপত্র দলিলের সহিত দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার) কপি দাখিল করিতে হইবে।
০৫. সরবরাহকারীগণকে নোয়াখালী পবিস কর্তৃক মালামালের মূল্য একাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে পরিশোধ করা হইবে।
০৬. দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাইতে হইবে।
০৭. কোন কারণে উল্লেখিত কার্যদিবস সমূহে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয়, তবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যদি সম্পন্ন করা যাইবে।
০৮. নোয়াখালী পবিস কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করা হইবে।

মোবাইল- ০১৭৬৯-৪০০০৬২
০১৭৬৯-৪০০৭০১

জেনারেল ম্যানেজার
নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি